JAN 9 2001

# ২৪ সরকারি স্কুলে আজ ভর্তি পরীক্ষা শুরু

**কাগজ প্রতিবেদক** : রাজধানীর ২৪টি সরকারি স্কুলে আজ মঙ্গলবার থেকে শুরু হচ্ছে ভর্তি পরীক্ষা। বিগত বছরের মতো এবারো স্কুলগুলোকে তিনটি গ্রুপে ভাগ করে আজ, আগামীকাল ১০ জানুয়ারি এবং তার পরদিন ১১ জানুয়ারি পরীক্ষা গ্রহণ করা হবে। এ বছর সবগুলো সরকারি স্কুলে মোট ৬ হাজার ৪৫৮টি আসনে ভর্তির জন্য প্রতিদ্বন্দ্বিতা করছে প্রায় ৩০ হাজার ছাত্রছাত্রী।

'এ' গ্রুপের আওতায় আজ অনুষ্ঠিত হবে গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল, মিরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, খিলগাঁও সরকারি উচ্চ বিদ্যালয়, নবাবপুর সরকারি উচ্চ বিদ্যালয়, নিউ গভর্নমেন্ট গার্লস হাইস্কুল, ইসলামিয়া সরকারি উচ্চ বিদ্যালয়, মতিঝিল সরকারি বালিকা বিদ্যালয় এবং মোহাম্মদপুর সরকারি উচ্চ বিদ্যালয়ে ভর্তি পরীক্ষা।